**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date : 19.05.2026** **Desk in Charge : SDG**

**Time : 7-50 PM** **Edit &Compile : Shuvra C.**

**DEO : KB** **NRT : Shuvra C.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ–

১/ তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গির খান দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রের পুনর্নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতা থেকে নিজেকে সরিয়ে নিচ্ছেন। **#**ফলতার উন্নয়নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, যে উদ্যোগ নিয়েছেন, তাকে সার্থক করতেই তাঁর এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন তিনি।

২/ দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে ২১শে মে পুননির্বাচনের জন্য প্রচারাভিযান আজ সন্ধ্যায় শেষ হয়েছে।

৩/ রাজ্যের পরবর্তী মুখ্য নির্বাচনী আধিকারিক পদে তিন IAS-এর নাম নির্বাচন কমিশনের কাছে পাঠিয়েছে রাজ্য সরকার।

৪/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি, আইনশৃঙ্খলা পরিস্থিতি সহ গুরুত্বপূর্ণ বেশ কিছু বিষয়ে পর্যালোচনা করতে আগামীকাল জেলা সফরে যাচ্ছেন।

৫/ RG KAR মামলায়, ঘটনাস্থল ফের সিল করে দিতে নির্দেশ দিলেন, কলকাতা হাইকোর্টের বিচারপতি শম্পা সরকার ও বিচারপতি তীর্থঙ্কর ঘোষ।

#এদিকে, RG KAR-এ অভয়ার ধর্ষণ ও খুনের মামলায় আইনী রক্ষাকবচ চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন, অভয়ার প্রতিবেশী সঞ্জীব মুখোপাধ্যায়।

*****************************************************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, ফলতার উন্নয়নে যে উদ্যোগ নিয়েছেন, তাকে সার্থক করতেই দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রের পুনর্নির্বাচনে তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গির খান প্রতিদ্বন্দ্বিতা থেকে নিজেকে সরিয়ে নিচ্ছেন বলে জানিয়েছেন।

( বাইট - জাহাঙ্গির )

এদিকে, জাহাঙ্গির খানের এই সিদ্ধান্ত তার নিজস্ব এবং এক্ষেত্রে দলের কোন ভূমিকা নেই বলে, তৃণমূল কংগ্রেস এক বিবৃতিতে জানিয়েছে। দলের বিধায়ক কুণাল ঘোষ বলেছেন, জাহাঙ্গীর খান কোনো ভয়ের কাছে নতি স্বীকার করল কিনা, তা’ দল খতিয়ে দেখবে।

( বাইট- কুণাল )

যদিও, তৃণমূল কংগ্রেস প্রার্থীর সরে দাঁড়ানোর কথা ঘোষণা করলেও, নির্বাচনী পদ্ধতিতে নাম প্রত্যাহারের কোনো সুযোগ না থাকায় প্রকৃতপক্ষে জাহাঙ্গীর খান প্রতিদ্বন্দ্বিতায় রইলেন।

জাহাঙ্গীরের এই ঘোষণার পর CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী আজ প্রশ্ন তোলেন, বিজেপির কাছে কে নতিস্বীকার করলো- জাহাঙ্গীর, নাকি অভিষেক?

( বাইট- সুজন )

তৃণমূল ও বিজেপির সমঝোতার বার্তা দিতেই জাহাঙ্গির খানের প্রার্থীপদ প্রত্যাহারের এই সিদ্ধান্ত বলে ISF নেতা নওশাদ সিদ্দিকী মন্তব্য করেছেন।

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের অভিযোগ, তৃণমূল কংগ্রেস ও বিজেপির মধ্যে যে আঁতাত রয়েছে, তা’ আরো একবার প্রমাণিত হল।

( বাইট- শুভঙ্কর )

****************************

এদিকে, ফলতার পুনর্নির্বাচন থেকে তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গির খান নিজেকে সরিয়ে নেওয়ার ঘোষণা করার পর আজ দলের বিধায়কদের নিয়ে কালীঘাটে নিজের বাড়িতে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী বৈঠক করেন। উপস্থিত ছিলেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী’ও। বৈঠকে, জাগাঙ্গীর খানকে নিয়ে আলোচনা হয়েছে বলে খবর। দলকে বিড়ম্বনায় ফেলায়, তাঁকে বহিস্কারের দাবী তোলেন কয়েকজন

বিধায়ক। এই বৈঠকেও মমতা ব্যানার্জী, বিজেপির বিরুদ্ধে লড়াই জারি থাকার কথা জানিয়েছেন।

****************************

দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে আগামী বৃহস্পতিবার২১শে মে পুনর্নির্বাচনের জন্য প্রচারাভিযান আজ সন্ধ্যায় শেষ হয়েছে।

আজ বিজেপি প্রার্থীর হয়ে ফলতায় রোড-শো করেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

ওই কেন্দ্রে দু'লক্ষ ৩৬ হাজার ৪৪৪ জন ভোটদাতা রয়েছেন। ভোট গ্রহণ করা হবে সকাল সাতটা থেকে সন্ধ্যে ছটা পর্যন্ত।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, গোটা কেন্দ্রে কড়া নিরাপত্তা ও নজরদারির ব্যবস্থা করা হয়েছে। মোতায়েন করা হচ্ছে ৩৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। পাশাপাশি, দ্রুত পরিস্থিতি মোকাবিলায় থাকছে ৩৫টি কুইক রেসপন্স টিম।

উল্লেখ্য, গত ২৯শে এপ্রিল রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনে ফলতায় ভোট নেওয়া হলেও একাধিক কারচুপির অভিযোগে তা বাতিল ক'রে পুনর্নির্বাচনের কথা ঘোষণা করে নির্বাচন কমিশন। ভোটগণনা ২৪শে মে।

****************************

পূর্ব বর্ধমানে ভোট পরবর্তী হিংসার অভিযোগ খতিয়ে দেখতে তৃণমূল কংগ্রেস সাংসদ প্রতিমা মণ্ডল ও সামিরুল ইসলামের নেতৃত্বে এক ফ্যাক্ট ফাইন্ডিং টিম আজ জেলার বিভিন্ন ব্লকে আক্রান্ত তৃণমূল কর্মী-সমর্থকদের বাড়িতে গিয়ে তাঁদের সঙ্গে কথা বলেন। হামলার ঘটনার বিবরণ শোনার পাশাপাশি আক্রান্ত পরিবারগুলির পাশে থাকার আশ্বাস দেন তাঁরা। প্রতিনিধি দল জেলা পুলিশ সুপারের সঙ্গেও বৈঠক করে। বৈঠকে জেলার বিভিন্ন প্রান্তের পরিস্থিতি, আক্রান্তদের অভিযোগ এবং আইনশৃঙ্খলা সংক্রান্ত বিষয়গুলি বিস্তারিতভাবে তুলে ধরা হয়। দোষীদের বিরুদ্ধে দ্রুত পদক্ষেপের দাবিও জানানো হয়।

****************************

উত্তর দিনাজপুর জেলার করণদিঘি ব্লক-এর লাউতারা ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত সাবধান হাই স্কুল সংলগ্ন তিন ঘড়িয়া এলাকায় রাস্তা নির্মাণের কাজে ব্যাপক দুর্নীতির অভিযোগ তুলে সরব হয়েছেন এলাকার গ্রামবাসীরা। প্রায় ৮৩ লক্ষ ৯২ হাজার টাকার এই রাস্তাকে কেন্দ্র করে এলাকায় চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। স্থানীয়দের অভিযোগ,

রাস্তার উপর যে পিচ ঢালাই করা হয়েছে তা অত্যন্ত নিম্নমানের। এলাকার বাসিন্দাদের কথায়, রাস্তার অবস্থা এতটাই খারাপ হওয়ার ফলে প্রতিদিন দুর্ঘটনার আশঙ্কা নিয়ে চলাচল করতে হচ্ছে সাধারণ মানুষকে। রাস্তার কাজের মান নিয়ে প্রশ্ন তুললেই ঠিকাদারের পক্ষ থেকে হুমকি দেওয়া হচ্ছে বলে গ্রামবাসীদের দাবি।

******************************

রাজ্যের পরবর্তী মুখ্য নির্বাচনী আধিকারিক (সিইও) পদে তিন IAS-এর নাম নির্বাচন কমিশনের কাছে পাঠিয়েছে রাজ্য সরকার। প্রশাসনিক সূত্রের খবর, নীলম মিনা, তন্ময় চক্রবর্তী এবং মৌমিতা গোদারা বসু– এই তিনজনের নাম প্রস্তাব হিসেবে পাঠানো হয়েছে। তিনজনই অভিজ্ঞ এবং নির্বাচন পরিচালনার প্রশাসনিক কাজে দক্ষ বলে তাঁদের নাম বিবেচনায় আনা হয়েছে।

উল্লেখ্য, রাজ্যে বর্তমান মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল রাজ্যের মুখ্য সচিব হিসেবে হয়েছেন। আইন অনুযায়ী তিনি আর মুখ্য নির্বাচনী আধিকারিক পদে থাকতে পারেন না। সেই কারণেই পরবর্তী সিইও বেছে নিতে রাজ্যের তরফে সম্ভাব্য আধিকারিকদের এই তালিকা কমিশনের কাছে পাঠানো হয়েছে।

******************************

'নেতাজী সুভাষ এডমিনিস্ট্রেটিভ ট্রেনিং ইনস্টিটিউটে' প্রবেশনারী হিসাবে কর্মরত ১২ জন IAS আধিকারিককে বিভিন্ন জেলায় বদলি করেছে রাজ্য সরকার। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরের IAS শাখা থেকে আজ প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে ২০২৫-এর ওয়েস্ট বেঙ্গল ক্যাডারের এই IAS আধিকারিকদের উত্তর ২৪ পরগনা, জলপাইগুড়ি, পূর্ব বর্ধমান, নদীয়া, বাঁকুড়ার মত বিভিন্ন জেলায় এসিস্ট্যান্ট ম্যাজিস্ট্রেট ও অ্যাসিস্ট্যান্ট কালেক্টর পদে নিয়োগ করা হয়েছে।

******************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় "ইবোলা: আতঙ্ক নয় প্রয়োজন সতর্কতা।" জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিকের সঙ্গে এ বিষয়ে কথা বলেছেন কাশফিন নাহার। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

******************************

**মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি, আইনশৃঙ্খলা পরিস্থিতি সহ গুরুত্বপূর্ণ বেশ কিছু বিষয়ে পর্যালোচনা করতে আগামীকাল জেলা সফরে যাচ্ছেন। সকালে কলকাতা থেকে বাগডোগরা পৌঁছে তিনি শিলিগুড়ির উত্তরকন্যায় উত্তরবঙ্গের সাত জেলার প্রশাসনিক আধিকারিকদের নিয়ে পর্যালোচনা বৈঠক করবেন। আলিপুরদুয়ার, কালিম্পং, দার্জিলিং, কোচবিহারের জেলা শাসক, পুলিশ সুপার ছাড়াও নবনির্বাচিত বিধায়কদের বৈঠকে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। আগামীকাল বিকেলেই কলকাতায় ফিরে তিনি BSF-কে জমি হস্তান্তর করা নিয়ে নবান্নে একটি বৈঠক করবেন।**

**বৃহস্পতিবার তাঁর পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম এবং দুই বর্ধমানের প্রশাসনিক আধিকারিক ও বিধায়কদের সঙ্গে একটি বৈঠকের কর্মসূচি রয়েছে।**

******************************

রাজ্য সরকার, দামোদর ভ্যালি রিভার রেগুলেশনস কমিটিতে পুনরায় রাজ্যের প্রতিনিধি পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। আসন্ন বর্ষার মরসুমের আগে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল নবান্নে ডিভিসি এবং সেচ দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। ভরা বর্ষার মরশুমে ডিভিসি, বিদ্যুৎ দপ্তর এবং সেচ দপ্তরের প্রতিনিধিদের সঙ্গে নিয়মিত যোগাযোগের মাধ্যমে রাজ্যের সঙ্গে সমন্বয় রেখে জল ছাড়বে বলে বৈঠকে সিদ্ধান্ত হয়েছে।

উল্লেখ্য, এর আগে ডিভিসি রাজ্যকে আগাম না জানিয়ে জল ছাড়ে বলে অভিযোগ তুলে রাজ্য সরকার এই কমিটি থেকে নিজেদের প্রতিনিধি প্রত্যাহার করে নিয়েছিল।

******************************

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর দুটি বাড়ির একাংশ ভেঙে ফেলার নোটিশ জারি করেছে পুরসভা। হরিশ মুখার্জী রোডের "শান্তিনিকেতন" ও কালীঘাট রোডে তার মায়ের নামের বাড়ির বে আইনি অংশ সাত দিনের মধ্যে নিজেদের তরফ থেকে ভাঙতে নির্দেশ দেওয়া হয়েছে। এক সপ্তাহের মধ্যে তা’ না হলে  পুরসভাই ওই কাজ করবে এবং ভাঙার খরচ’ও তাদের দিতে হবে।

উল্লেখ্য, রাজ্যে পালাবদলের পর বেআইনি নির্মাণ নিয়ে কড়া পদক্ষেপ গ্রহণ করেছে রাজ্য সরকার।

****************************

রাজ্যে পালাবদলের পর বিভিন্ন জনমুখী প্রকল্পের ঘোষণা ও বাস্তবায়নের মধ্যেই আজ থেকে নদিয়া জেলায় শুরু হয়েছে জন ও ভাগীদারি অভিযান; চলবে আগামী ২৩শে মে পর্যন্ত। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

( ভিসি- অনুপম/ নদীয়া)

****************************

RG KAR মামলায়, ঘটনাস্থল ফের সিল করে দিতে নির্দেশ দিলেন, কলকাতা হাইকোর্টের বিচারপতি শম্পা সরকার ও বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। তবে, প্রথমে আদালত, এই মামলায় পরবর্তী তদন্তের কোনো সুযোগ আছে কিনা, তা' নিয়ে আগামী ২১শে মে শুনানি করবে। এর পাশাপাশি মামলার সঙ্গে যুক্ত আইনজীবীদের সংবাদ মাধ্যমের কোনোরকম মন্তব্য করা থেকেও বিরত থাকতে নির্দেশ দিয়েছেন বিচারপতিরা। CBI-এর আইনজীবী ও তদন্তকারী আধিকারিক অবশ্য আদালতে জানান, ঘটনাস্থল আগে থেকেই সিল করা রয়েছে।

এদিকে, RG KAR-এ অভয়ার ধর্ষণ ও খুনের মামলায় আইনী রক্ষাকবচ চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন, অভয়ার প্রতিবেশী সঞ্জীব মুখোপাধ্যায়। শিয়ালদা আদালতে অভয়ার বাবার দায়ের করা FIR-এ নাম জড়ানোর পর, নিজেকে নির্দোষ দাবী করে তিনি বিচারপতি সৌগত ভট্টাচার্যের এজলাসে আবেদন জানিয়েছেন।

উল্লেখ্য, গত ১৩'ই মে শিয়ালদা আদালতে অভয়ার বাবা, প্রাক্তন বিধায়ক নির্মল ঘোষ, প্রতিবেশী সঞ্জীব মুখোপাধ্যায় এবং ঘোলা থানার প্রাক্তন ওসি সোমনাথ দাসের গ্রেপ্তারির আবেদন জানান।

*******************************************************************